

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
শাখা-০৬ (ভোকেশনাল-০১)

www.techedu.gov.bd

এফ-৪/বি, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।

স্মারক নম্বর: ৩৭.০৩.০০০০.০২৪.৩১.০০১.১৮.৯৭২

তারিখ: ২১ শ্রাবণ ১৪২৫

০৫ আগস্ট ২০১৮

বিষয়: নারায়নগঞ্জ টেকনিক্যাল স্কুল ও কলেজের অফিস সহায়ক (কর্মস্থল পরিবর্তনে কারিগরি শিক্ষা অধিদপ্তরের এমপিও শাখা) জনাব জাহানারা বেগম জাতীয় দক্ষতা শিক্ষাক্রমে অনিয়মিত/বহিরাগত পরীক্ষার্থী হিসাবে পরীক্ষায় অংশগ্রহণের অনুমতি প্রদান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের পরিপ্রেক্ষিতে জানান যাচ্ছে যে, নারায়নগঞ্জ টেকনিক্যাল স্কুল ও কলেজের অফিস সহায়ক (কর্মস্থল পরিবর্তনে কারিগরি শিক্ষা অধিদপ্তরের এমপিও শাখা) জনাব জাহানারা বেগম জাতীয় দক্ষতা শিক্ষাক্রমে অনিয়মিত/বহিরাগত পরীক্ষার্থী হিসাবে পরীক্ষায় অংশগ্রহণের অনুমতি প্রদানের জন্য আবেদন করেন।

২। উল্লেখ্য যে, কারিগরি শিক্ষা অধিদপ্তরের স্মারক নম্বর ৩৭.০৩.০০০০.০২৪.০৫.০০১.১৭.১২২ তারিখ: ১৮ সেপ্টেম্বর ২০১৭ খ্রিঃ এর উচ্চ শিক্ষা গ্রহণের অনুমতি প্রদান সংক্রান্ত একটি বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। বিজ্ঞপ্তিতে দেখা যায় যে, “কারিগরি শিক্ষা অধিদপ্তর ও অধিদপ্তরাধীন বিভিন্ন প্রতিষ্ঠানে কর্মরত কর্মচারীগণ উচ্চ শিক্ষা গ্রহণ সংক্রান্ত বিষয়ে আবেদন করেছেন/করছেন। উক্ত আবেদন সমূহ অত্র অধিদপ্তরে প্রেরণ না করে নিষ্পত্তির লক্ষ্যে জনপ্রশাসন মন্ত্রণালয়ের স্মারক নং-০৫.০০.০০০০.২১১.২২. ১০৬.২০০৮.৩৩৯ তারিখ: ০৬ ডিসেম্বর, ২০১৫ খ্রিস্টাব্দ মোতাবেক জারীকৃত প্রজ্ঞাপনের অনুলিপি-১০(খ) অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়।”

৩। এমতাবস্থায়, এ অধিদপ্তরের বর্ণিত স্মারক মোতাবেক বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে জাতীয় দক্ষতা শিক্ষাক্রমে অনিয়মিত/বহিরাগত পরীক্ষার্থী হিসাবে পরীক্ষায় অংশগ্রহণের অনুমতি প্রদানের বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।



ড. মো: নুরুল ইসলাম
পরিচালক

অধ্যক্ষ, নারায়নগঞ্জ টেকনিক্যাল স্কুল ও কলেজ, পাঠানটুলী,
নারায়নগঞ্জ।

স্মারক নম্বর: ৩৭.০৩.০০০০.০২৪.৩১.০০১.১৮.৯৭২/১(৪)

তারিখ: ২১ শ্রাবণ ১৪২৫

০৫ আগস্ট ২০১৮

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) সচিব কারিগরি শিক্ষা অধিদপ্তর (এমপিও), শাখা-০৮ ভোকেশনাল (এমপিও), কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।

২) ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (পত্রটি অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।

৩) জনাব জাহানারা বেগম, অফিস সহায়ক, নারায়নগঞ্জ টেকনিক্যাল স্কুল ও কলেজ, পাঠানটুলী, নারায়নগঞ্জ (কর্মস্থল পরিবর্তনে কারিগরি শিক্ষা অধিদপ্তরের এমপিও শাখা)।

৪) সংরক্ষণ নথি।



মোহাম্মদ সাজ্জাদ মুফতী
সহকারী পরিচালক